43

তারিখ ... 30 JUL 1997 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... 2 ...

দৈনিক ইনকিলাব

## ছাত্র দলের ডাকে রাজশাহীতে শিক্ষা প্রতিষ্ঠানে শান্তিপূর্ণ ধর্মঘট পালিত

রাজশাহী অফিস ঃ শিক্ষা প্রতিষ্ঠান দলীয়করণ, ঢাকা বিশ্ববিদ্যালয়ে মুজিববাদী ছাত্র লীগের সন্ত্রাসীদের অবৈধ হল দখল এবং ইডেন কলেজে ছাত্র দল নেত্রীদের নামে মিথ্যে মামলা দায়েরের প্রতিবাদে ছাত্র দল আহূত ছাত্র ধর্মঘট রাজশাহীতে শান্তিপূর্ণভাবে পালিত হয়েছে। নগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিল। ধর্মঘটের কারণে স্কুলের অর্ধ বার্ষিক পরীক্ষা স্থগিত হয়ে যায়।

ধর্মঘট চলাকালে ছাত্র দল নগরীতে বিক্ষোভ মিছিল বের করে। বিক্ষোভ-মিছিলটি নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে সোনাদীঘি মোড়ে এক প্রতিবাদ সমাবেশ করে। এতে বক্তব্য রাখেন ছাত্র দল নেতা শফিকুল হক মিলন, মিজানুর রহমান খোকন, শফিকুল সাফিক ও ওয়ালিউল হক রানা, জহুর বিদ্যুত প্রমুখ। বিশ্ববিদ্যালয় পার্শ্ববর্তী এলাকায় অনুষ্ঠিত বিক্ষোভ-সমাবেশে বক্তব্য রাখেন মতিউর রহমান মন্টু, মুস্তাফিজুর রহমান মুন্না, মিশকাত আহমেদ রানা প্রমুখ।